

অসংখ্য নেতা-কর্মীদের মিথ্যা মামলায় আটক করা হয়েছে। SUCI দলের ২৯ জন ও মাওবাদী পার্টির সাথে যুক্ত থাকার অভিযোগে ১১ জন নিরীহ মানুষ যাবজ্জীবন কারাদণ্ড ভোগ করছেন।

সম্প্রতি রাজ্য সরকার হিন্দমোটর কারখানায় আন্দোলনরত বেশ কয়েকজন নেতা-কর্মীদের মিথ্যা মামলায় গ্রেপ্তার করেছে। কারখানা গেটে অনশনরত SSKU নেতা অমিতাভ ভট্টাচার্য, শুভেন্দু বিশ্বাস সহ ৬ জনকে রাতের অন্ধকারে পুলিশ গ্রেপ্তার করে, এমনকি ওই আন্দোলনে যোগ দেওয়ার 'অপরাধে' সুমিত সরকারকে গ্রেপ্তার করে মেদিনীপুর জেলে পাঠানো হয়। প্রসঙ্গত উল্লেখ্য সুমিত সরকারকে কয়েক বছর আগে তার স্ত্রী ও সদ্যোজাত সন্তানসহ পুলিশ আটক করে এবং এক বছরের বেশী জেলে বন্দী করে রাখে।

আমরা ডাঃ বিনায়ক সেন, পীযুষ গুহ, সুমিত সরকার, অমিতাভ ভট্টাচার্য ও তার সহকর্মীদের নিঃশর্ত মুক্তির দাবি করছি। এই দাবি আরও সোচ্চারে তুলে ধরার জন্য আগামী ২১শে মে (সোমবার) বৌবাজার ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সামনে বিকাল ৪টায় এক সভা ডাকা হয়েছে। উক্ত সভায় আপনি/আপনার সংগঠনের উপস্থিতি নিঃশর্ত মুক্তির দাবি আরও জোরদার করবে।

বন্দীমুক্তি কমিটি

১৭ মে, ২০০৭

ডাঃ বিনায়ক সেন, সুমিত সরকার, অমিতাভ ভট্টাচার্য সহ হিন্দ
মোটরের সংগ্রামী শ্রমিকদের নিঃশর্ত মুক্তির দাবিতে সভা
২১শে মে, ২০০৭ (সোমবার)
বৌবাজার ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সামনে বিকাল ৪টায়